(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত পত্র)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

লালমনিরহাট সদর,লালমনিরহাট।

স্মারক নং- ১৩.০১.৫২৫৫.০০২.৫৭.০৯৫.২৪.৬৮৩ তারিখঃ ৩১/১০/২০২৪ খ্রিঃ।

"খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৬ নং স্মারকে জারীকৃত "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪", ১৪/১০/২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ স্মারকে জারীকৃত এতদসংক্রান্ত পরিপত্র এবং ৩০/১০/২০২৪ তারিখে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত অনুসারে ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র জনগোষ্ঠির মাঝে ভর্তুকী মূল্যে খাদ্যশস্য বিতরনের জন্য লালমনিরহাট সদর উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় নিম্নোক্ত ০৯ টি ইউনিয়নের পার্শ্বে বর্ণিত প্রতি বিক্রয় কেন্দ্রের জন্য ০১ জন করে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী ও যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে আগামী ১৯/১১/২০২৪ তারিখ রোজ মঙ্গলবার বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম		
১	রাজপুর	মাড়াইর হাট বাজার	পাগলার হাট বাজার	-
২	হারাটি	ফড়িং এর দিঘী	ওকড়াবাড়ী বাজার	মহেন্দ্র নগর বাজার
৩	মোগলহাট	মোগলহাট বাজার	দুরাকুটি বাজার	কোদালখাতা বাাজার
৪	গোকুন্ডা	মন্ডলের হাট বাজার	তিস্তা বাসষ্ট্যান্ড বাজার	মোস্তফী বাজার
৫	পঞ্চগ্রাম	নয়ার হাট	ফকিরের তকেয়া বাজার	দেউতির হাট
৬	কুলাঘাট	ওয়াপদা বাজার	টিকটিকির হাট	কুলাঘাট বাজার
৭	মহেন্দ্রনগর	বটেরতল বাজার	বুড়ীর বাজার	ইন্দ্রারপাড় বাজার
৮	খুনিয়াগাছ	খুনিয়াগাছ বাজার	আনন্দ বাজার	মিলন বাজার
৯	বড়বাড়ী	বড়বাড়ীর হাট বাজার	আইড় খামার ডাকবাংলো	খেদাবাগ

শর্তাবলী ঃ

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দ্ধে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন;

২। আবেদনকারীর ইউনিয়নে বড় হাট/বাজারে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে;

৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;

৪। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী হতে হবে;

৫। আবেদনকারীকে খাদ্যশস্যের (ফুড গ্রেইন) লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;

৬। আবেদনরকারীর কমপক্ষে ১৫ (পনেরো) মেঃটন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী দোকান/সংরক্ষণাগার থাকতে হবে;

৭। আবেদনকারীর মালামালের হিসাব সংরক্ষনের সক্ষমতা থাকতে হবে ;

৮। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;

৯। আবেদনকারী খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্ত হলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে ডিলারকে খাদ্যশস্য বিক্রয় করতে হবে ;

১০। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারনে বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;

১১। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;

১২। আবেদনকারী একাধিক বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।

১৩। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের নাম (ইউনিয়নের নামসহ) উল্লেখ করতে হবে ;

১৪। আবেদনকারী অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে ;

১৫। বর্তমানে নিয়োজিত ডিলারগণ 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;

১৬। ডিলারশীপ প্রাপ্ত হলে ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকার পে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং সরকার নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০.০০ (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামা প্রদান করতে হবে ;

১৭। আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে। ত্রুটিপূর্ণ,অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ডিলার নিয়োগের পরেও যদি ভুল তথ্য উদঘাটিত হয়,তাহলে কর্তৃপক্ষ ডিলারশীপ বাতিল করতে পারবে;

১৮। আবেদনপত্রে উল্লেখিত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে দাখিল হবে ;

১৯। প্রয়োজনে কর্তৃপক্ষ যে কোনো শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করতে পারবেন এবং খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ;

২০। "উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, সদর,লালমনিরহাট" বরাবর আবেদনপত্র (খামবন্দী করে) সরাসরি উপজেলা নির্বাহী অফিসার,লালমনিরহাট সদর,লালমনিরহাট কার্যালয়ে রক্ষিত **" খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগের আবেদনপত্র গ্রহণের বাক্সে"**/নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত **" খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগের আবেদনপত্র গ্রহণের বাক্সে"** দাখিল করতে হবে ;

আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে ;

০১। পার্সপোর্ট সাইজের ০২ কপি ছবি। ০২। ট্রেড লাইসেন্সের ফটোকপি। ০৩। ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি। ০৪। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র। ০৫। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি। ০৬। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ০৭। নাগরিকত্ব সনদের ফটোকপি। ০৮। অঙ্গীকারনামা।

(স্বপন কুমার দে)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সদর, লালমনিরহাট
ও
সদস্য সচিব,
উপজেলা খাদ্যবান্ধব কমিটি।

স্মারক নং- ১৩.০১.৫২৫৫.০০২.৫৭.০৯৫.২৪. তারিখঃ ৩১/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি :- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর,ঢাকা।

২। পরিচালক,প্রশাসন/হিসাব ও অর্থ/সরবরাহ,বন্টন ও বিপণন বিভাগ,খাদ্য অধিদপ্তর,ঢাকা।

৩। জেলা প্রশাসক,লালমনিরহাট।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,রংপুর বিভাগ,রংপুর।

৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,লালমিনরহাট।

৬। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

৭। উপজেলা কৃষি অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

৮। উপজেলা সমাজসেবা অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

৯। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

১০। উপজেলা পরিসংখ্যান অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

১১। সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর, লালমনিরহাট। - ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট মহোদয়ের ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। চেয়ারম্যান (সকল) ... ... লালমনিরহাট সদর, লালমনিরহাট। ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ ওয়েবপোর্টালে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। অফিস কপি।

(স্বপন কুমার দে)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সদর, লালমনিরহাট
ও
সদস্য সচিব,
উপজেলা খাদ্যবান্ধব কমিটি।